

NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

[عرض هذه الوثيقة باللغة العربية](#) / [এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন](#)

[查看本文件的中文版](#) / [Consultez ce document en français](#) / [Gade dokiman sa a an kreyòl ayisyen](#)

[이문서를 한국어로 보기](#) / [Consulte este documento en español](#)

[Перевод документа на русский язык](#) / [بہ دستاویز اردو میں ملاحظہ کریں](#)
schools.nyc.gov/messagesforfamilies

10 জুন, 2022

প্রিয় পরিবারবর্গ:

আমাদের স্টাফ ও শিক্ষার্থীদের নিরাপত্তা বজায় রাখতে, আমরা কোভিড-19 (COVID-19) সংক্রান্ত কঠোর চর্চাসমূহ অব্যাহত রাখবো, এতে রয়েছে ভেন্টিলেশন (বাতাস সরবরাহ), দৈনিক সুস্থতা যাচাইকরণ বা হেলথ স্ক্রিনিং, এবং টেস্ট কিট বিতরণ। স্কুলের অভ্যন্তরে, বাইরে, এবং স্কুল বাসে একটি নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধান ঐচ্ছিক হয়ে যাবে।

কেউ যদি মাস্ক পরিধান করতে চায় তবে সেটি সে করতে পারে, এবং আপনার সন্তান প্রয়োজন বোধে তার স্কুল অথবা প্রোগ্রাম থেকে একটি মাস্ক অনুরোধ করতে পারে। যেসব স্টাফ সদস্য অথবা শিক্ষার্থী জানেন যে তারা বিগত দশ (10) দিনের মাঝে কোভিড-19 (COVID-19) সংক্রামিত কারো কাছাকাছি এসেছেন, তাদের নাক-মুখের আবরণ (মাস্ক) পরিধানে জোর সুপারিশ করা হচ্ছে। মেডিকেল রুম এবং নার্স অফিসে মাস্ক পরিধান আবশ্যিক। নার্সের কাছে প্রবেশকারী সকলের জন্য প্রয়োজনানুযায়ী মাস্ক লভ্য থাকবে।

বিনীত,

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন